# Times Today BD

মো. তাহসিন হাসান | চট্টগ্রাম | 07 July, 2025

কক্সবাজারে টানা ভারী বর্ষণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আগামী ৯ জুলাই পর্যন্ত কক্সবাজারসহ পার্বত্য এলাকায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে। ফলে পাহাড় ধসের উচ্চ ঝুঁকি রয়েছে বলে সতর্ক করেছে কর্তৃপক্ষ।

অবস্থা বিবেচনায় কক্সবাজারসহ দেশের চারটি সমুদ্রবন্দরে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত বহাল রেখেছে আবহাওয়া অধিদপ্তর।টানা বৃষ্টিতে জেলার পর্যটন এলাকা, টেকনাফসহ নয়টি উপজেলার অধিকাংশ নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে।সড়ক-উপসড়কে পানি উঠে যান চলাচলে চরম বিঘ্ন ঘটছে।

কক্সবাজার আবহাওয়া অফিসের সহকারী আবহাওয়াবিদ আবদুল হান্নান জানিয়েছেন, সোমবার সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কক্সবাজারে ৮০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।অন্যদিকে উখিয়ায় টানা চার দিন ধরে বৃষ্টি ও পাহাড়ি ঢলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

উখিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ কামরুল হোসেন চৌধুরী বলেন, “দ্রুত পানি নিষ্কাশন ও জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।”

এছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ কাউসার হোসেন জানিয়েছেন, “ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর জনপ্রতিনিধিদের মাধ্যমে ক্ষয়ক্ষতির তালিকা প্রস্তুত করে উপজেলা প্রশাসনের কাছে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।”বৃষ্টি অব্যাহত থাকলে পরিস্থিতি আরও অবনতি হতে পারে বলে আশঙ্কা করছেন সাধারণ মানুষ।

আবহাওয়া অধিদপ্তর কক্সবাজার বৃষ্টিপাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:40

URL: https://timestodaybd.com/chittagong/7758074409